জনাব মোঃ শাহজামান খান বিসিএস লাইভস্টক একাডেমিতে পরিচালক হিসেবে ১৪ আগষ্ট, ২০২৩ তারিখে যোগদান করেন। তিনি বিসিএস লাইভস্টক ক্যাডার এর একজন সদস্য।

জনাব মোঃ শাহজাহান খান ১৯৭১ সালের আগস্ট মাসে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার গাবের গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৯৫ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন এ. এইচ. (অনার্স) ডিগ্রী লাভ করেন। তিনি ২০১২ সালে অ্যানিমেল নিউট্রিশন বিভাগ হতে মাস্টার্স ডিগ্রি লাভ করেন।

কর্মজীবনঃ

তিনি তার কর্মজীবন শুরু করেন ১৯৯৬ সালে প্রাণিসম্পদ অধিদপ্তরের একটি প্রজেক্টের এক্সটেনশন অফিসার হিসাবে। পরবর্তীতে ১৯৯৯ সালে তিনি কৃতিত্বের সাথে ১৯ তম বিসিএসে উত্তীর্ণ হন। তিনি কর্মজীবনের শুরুতে সায়েন্টিফিক অফিসার হিসেবে কেন্দ্রীয় গো প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকাতে যোগদান করেন। পরবর্তীতে তিনি ২০০২ সালে এনিমেল নিউট্রিশন অফিসার হিসেবে বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানায় যোগদান করেন। তিনি ২০০৭ সাল হতে ২০১২ সাল পর্যন্ত সায়েন্টিফিক অফিসার, লাইভস্টক রিসার্চ ইন্সটিটিউট, মহাখালীর দায়িত্ব পালন করেন।

তিনি ২০১২ থেকে ২০১৫ সাল পর্যন্ত সাফল্যের সাথে উপজেলা লাইভস্টক অফিসার, চাঁদপুর সদর হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি ২০১৫ হতে ২০১৭ সাল পর্যন্ত উপজেলা লাইভস্টক অফিসার পলাশ, নরসিংদী হিসেবে কর্মরত ছিলেন। তিনি ২০১৭ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত উপপরিচালক কৃত্রিম প্রজনন কেন্দ্র, কুমিল্লা হিসেবে দায়িত্ব পালন করেন।

বিদেশ প্রশিক্ষণঃ

তার বর্ণাঢ্য ক্যারিয়ারে তিনি এ্যনিম্যাল নিউট্রিশন নিয়ে ফিলিপাইন হতে কোর্স করেন। পরবর্তীতে তিনি জ্যু নিউট্রিশন নিয়ে ইন্ডিয়া ও শ্রীলঙ্কায় এক্সপোজার ভিজিট করেন।

পারিবারিক জীবনঃ

পারিবারিক জীবনে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক। তার স্ত্রী জওশন আরা শাওন একজন গৃহিণী।